

প্রেস রিলিজ

২৩ ফেব্রুয়ারি ২০২৫

কুয়েট উপাচার্যকে লাঞ্ছিত করার ঘটনায় বাউবি উপাচার্যের নিন্দা

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ মাছুদকে শারীরিকভাবে লাঞ্ছিত করার ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা জানিয়েছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম।

তিনি বলেন, সহিংসতা কখনো প্রতিবাদের ভাষা হতে পারে না। বিশ্ববিদ্যালয় হচ্ছে মুক্তচিন্তা ও যুক্তির তীর্থস্থান। পারস্পরিক বোঝাপড়া, মনন, জ্ঞান-বোধ ও দর্শনের আদান-প্রদান-ই একটি বিদ্যাপীঠের সৌন্দর্য।

ড. ওবায়দুল ইসলাম এই ঘটনার তীব্র নিন্দা জানিয়ে বলেন, শিক্ষক মূলত একজন অভিভাবক, সমাজ বিনির্মাণের সুনিপুণ কারিগর। এই অভিভাবকের উপর হামলা কুচক্রী মহলের নীলনকশার অংশ কী না দ্রুত নিরপেক্ষ তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা উচিত। শিক্ষকদের ওপর হামলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এছাড়াও, আলোচনার মাধ্যমে বিবাদমান অন্যান্য বিষয়গুলোর শান্তিপূর্ণ সমাধানের জন্য সব পক্ষেরই আন্তরিকভাবে কাজ করা উচিত বলেও মত প্রকাশ করেন তিনি।

অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম আহতদের দ্রুত সুস্থতা কামনা করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে সকল পক্ষকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান।

মোঃ খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)